

হূদ | Hud | هُود

আয়াতঃ ১১ : ৯৫

আরবি মূল আয়াত:

كَانَ لَمْ يَغْنَوْا فِيهَا ؟ أَلَا بُعْدًا لِّمَدَيْنَ كَمَا بَعِدَتْ ثَمُودُ ﴿٩٥﴾

অনুবাদসমূহ:

যেন তারা সেখানে বসবাসই করেনি। জেনে রাখ, ধ্বংস মাদইয়ানের জন্য, যে রূপ ধ্বংস হয়েছে সামূদ জাতি। — আল-বায়ান

(এমনভাবে) যেন তারা সেখানে কোনদিনই বসবাস করেনি। জেনে রেখ, মাদইয়ানবাসীদেরকে দূরে নিষ্ক্ষেপ করা হল, যেমনভাবে দূরে নিষ্ক্ষেপ করা হয়েছিল সামূদজাতিতে। — তাইসিরুল

যেন তারা এই গৃহগুলিতে বাস করেনি। ভাল রূপে জেনে নাও, রাহমাত হতে দূরে সরে পড়ল মাদইয়ান, যেমন দূর হয়েছিল ছামূদ (সম্প্রদায়) রাহমাত হতে। — মুজিবুর রহমান

As if they had never prospered therein. Then, away with Madyan as Thamud was taken away. — Sahih International

৯৫. যেন তারা সেখানে কখনো বসবাস করেনি। জেনে রাখ! ধ্বংসই ছিল মাদইয়ানবাসীর পরিণাম, যেভাবে ধ্বংস হয়েছিল সামূদ সম্প্রদায়।

তফসীরে জাকারিয়া

(৯৫) যেন তারা এই গৃহগুলিতে বাস করেইনি। জেনে রাখ, (আল্লাহর করুণা হতে) দূর হল মাদয়ান, যেমন দূর হয়েছিল সামূদ (সম্প্রদায়)।[1]

[1] অর্থাৎ, অভিশপ্ত হল, আল্লাহর রহমত থেকে দূর ও বঞ্চিত হল।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1568>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন